



আপনার অফিসিয়াল গাইড

2022 সালের ফেডারেল নির্বাচনে

শনিবার 21 মে 2022

ভোট দেয়া বাধ্যতামূলক

18 বছর বা তদুর্ধ্ব বয়সী
অস্ট্রেলিয়ান নাগরিকদের জন্য



আপনার ভোট অস্ট্রেলিয়াকে গড়তে সাহায্য করবে

নির্বাচন কমিশনারের বাণী

এই ফেডারেল নির্বাচনে ভোটার ব্যাপারে আপনার পরিকল্পনায় সাহায্য করতে AEC এই গাইডটি তৈরি করেছে। কীভাবে ঠিকমত ভোট দিতে হয়, নির্বাচন কেন্দ্রে কী হয়, সাধারণতঃ জিজ্ঞেস করা প্রশ্নগুলো এবং কীভাবে তথ্যের উৎস যাচাই করতে হয়, সে সম্পর্কিত বিস্তারিত ব্যাখ্যা এই গাইডে দেয়া আছে।

নির্বাচনের দিন সারা দেশে আমাদের নির্বাচন কেন্দ্রগুলো খোলা থাকবে, এবং সেই সাথে ভোট দেয়ার অন্যান্য ব্যবস্থা থাকবে যাতে করে কমিউনিটি তাদের সিদ্ধান্ত জানাতে পারে।

আপনি নিশ্চিত থাকতে পারেনঃ

- আমরা **সততার** সাথে একটি নির্বাচন প্রক্রিয়ার ব্যবস্থা করছি, যার মাধ্যমে আমরা এই প্রক্রিয়ার প্রতিটি ধাপে আপনার ভোটের সুরক্ষা করছি – আপনার ব্যালট পেপার ছাপানো থেকে শুরু করে গণনা পর্যন্ত।
- আপনার এবং আমাদের নির্বাচন কর্মীদের **স্বাস্থ্য ও নিরাপত্তা** আমাদের কাছ গুরুত্বপূর্ণ, এবং কোভিড-19 এর জন্য বিভিন্ন ধরনের সুরক্ষা ব্যবস্থা বজায় রাখা হবে।

নির্বাচনী প্রচারণার একটি অংশ হল বিভিন্ন ধরনের তথ্যের জোরদার আদানপ্রদান, এবং আমি আপনাকে আপনার প্রাপ্ত সকল তথ্য সাবধানতার সাথে বিবেচনা করার জন্য উৎসাহিত করছি, তবে বিশেষ করে সেইসব, যা আমাদের সুপ্রতিষ্ঠিত নির্বাচন প্রক্রিয়াকে প্রশ্নবিদ্ধ করে।

নিজেকেই জিজ্ঞাসা করুন, তথ্যটি নির্ভরযোগ্য এবং স্বীকৃত উৎস থেকে এসেছে কি না। যদি উত্তর না হয়, তাহলে আমি সতর্ক থাকার জন্য পরামর্শ দিচ্ছি।

এই নির্বাচনে আপনি কীভাবে আপনি আপনার পছন্দের প্রার্থিকে ভোট দেবেন সে সম্পর্কে আরও তথ্যের জন্য **aec.gov.au** –ওয়েবসাইটটি দেখুন।

টম রজারস
নির্বাচন কমিশনার



ভোটার তালিকায়
96% এরও বেশি



7,000+
বেশী নির্বাচন কেন্দ্র



500+
অগ্রিম ভোট কেন্দ্র



100,000+
অস্থায়ী নির্বাচন কর্মী

থামুন এবং ভেবে দেখুন

এই ফেডারেল নির্বাচনে তথ্যের উৎস যাচাই করে নিন

নির্বাচনের সময় আপনার ভোটকে প্রভাবিত করার জন্য বিপুল পরিমাণে তথ্য প্রচার করা হয়।

এটি গণতান্ত্রিক প্রক্রিয়ার একটি গুরুত্বপূর্ণ অংশ। এর মাধ্যমে প্রার্থী, রাজনৈতিক দল এবং অন্যান্যরা ভোটারদের সাথে তাদের নীতিমালা এবং দৃষ্টিভঙ্গির আদানপ্রদান করার সুযোগ দেয়।

তবে, কিছু কিছু তথ্য উদ্দেশ্যপ্রণোদিতভাবেই মিথ্যা কিংবা বিভ্রান্তিকর হতে পারে।

ফেডারেল নির্বাচন সম্পর্কে আপনি কী শুনছেন, পড়ছেন অথবা দেখছেন তা সতর্কতার সাথে বিবেচনা করা গুরুত্বপূর্ণ।

সময় নিয়ে ভেবে দেখুন তথ্যটিঃ

- নির্ভরযোগ্য কিংবা স্বীকৃত উৎস থেকে এসেছে কি না
- সাম্প্রতিক
- নিরাপদ কি না (স্ক্যাম নয়)।

এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ যখন তথ্যটি সামাজিক মাধ্যম এবং অনলাইনে পাওয়া যাবে।

বিস্তারিত তথ্য এবং সহায়ক পরামর্সসহ ছোট ছোট ভিডিও দেখার জন্য **aec.gov.au/stopandconsider** ওয়েবসাইট দেখুন।



নির্বাচন হবে শনিবার 21 মে 2022

ভোট কেন্দ্রগুলো খুলবে সকাল ৮টায় এবং বন্ধ হবে ঠিক সন্ধ্যা ৬টায়।

ফেডারেল নির্বাচন অনুষ্ঠিত হয় যাতে করে অস্ট্রেলিয়ানরা প্রতিনিধি পরিষদে এবং সিনেটে তাদের মতামত ও স্বার্থের প্রতিনিধিত্ব করার জন্য সংসদ সদস্য বেছে নিতে পারেন।

কে ভোট দেবে?

18 বছর এবং তদুর্ধ্ব বয়সের সকল অস্ট্রেলিয়ান নাগরিকদের ভোটার তালিকায় যুক্ত হয়ে ফেডারেল নির্বাচনগুলোতে ভোট দিতে হবে।

আমি কোথায় ভোট দিতে পারব?

আপনি আপনার রাজ্য কিংবা টেরিটোরিতে যেকোনো ভোট কেন্দ্রে গিয়ে নির্বাচনের দিন ভোট দিতে পারেন। ভোট কেন্দ্রগুলো সকাল ৮টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত খোলা থাকে।

ভোট কেন্দ্রগুলো সাধারণতঃ স্থানীয় স্কুল, চার্চ এবং কমিউনিটি হল, কিংবা সরকারি ভবনগুলোতে অবস্থিত। আপনার নিকটস্থ ভোট কেন্দ্র খুঁজে বের করতে aec.gov.au/where ওয়েবসাইট দেখুন।

আপনি যদি চলাচলে অক্ষম অথবা প্রতিবন্ধী হন, কিংবা এই ধরনের কোনো ব্যক্তির পরিচর্যা করেন, তাহলে aec.gov.au/where ওয়েবসাইটে ভোট কেন্দ্রগুলোতে প্রবেশ সংক্রান্ত তথ্য দেখে নিতে পারেন।

অন্ধ কিংবা স্বল্পদৃষ্টি সম্পন্ন লোকদের জন্য ভোট দেয়ার ব্যবস্থা সম্পর্কে জানার জন্য aec.gov.au/assistance ওয়েবসাইটটি দেখুন অথবা 13 23 26 নম্বরে কল করুন।

আমি যদি অন্য কোনো রাজ্যে বা টেরিটোরিতে থাকি?

নির্বাচনের দিন যদি আপনি অন্য কোনো রাজ্যে থাকেন তাহলে আপনি ঐ রাজ্যের নির্ধারিত কোনো আন্তরাজ্য ভোট কেন্দ্রে গিয়ে ভোট দিতে পারেন, অথবা নিম্নে প্রদত্ত অগ্রিম ভোট দেয়ার ব্যবস্থাগুলো বিবেচনা করতে পারেন।

আমি যদি নির্বাচনের দিন কেন্দ্রে যেতে না পারি?

আপনি যদি নির্বাচনের দিন আপনার রাজ্য কিংবা টেরিটোরিতে কোনো ভোট কেন্দ্রে যেতে না পারেন, তাহলে আপনি সশরীরে অথবা ডাকযোগে অগ্রিম ভোট দেয়ার জন্য যোগ্য হতে পারেন।

কীভাবে সশরীরে অগ্রিম ভোট দিতে হয়

আপনি যদি যোগ্য হন, তাহলে আপনি নির্বাচনের আগে ভোট দিতে পারেন। অগ্রিম ভোট কেন্দ্রগুলো **সোমবার 9 মে 2022** থেকে খোলা থাকবে। খোলার সময় এবং তারিখ ভিন্ন ভিন্ন হয়, তাই প্রত্যেক কেন্দ্রের বিস্তারিত তথ্যের জন্য aec.gov.au/where ওয়েবসাইট দেখুন।

অগ্রিম ভোট এবং আপনি এর জন্য যোগ্য কিনা সে সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য aec.gov.au/early ওয়েবসাইট দেখুন অথবা 13 23 26 নম্বরে কল করুন।

ডাকযোগে কীভাবে অগ্রিম ভোট দিতে হয়

যোগ্য ভোটারদের জন্য ডাকযোগে অগ্রিম ভোট দেয়ার ব্যবস্থা আছে। আপনি ডাকযোগে অগ্রিম ভোট দিতে পারবেন কি না তা দেখার জন্য, এবং অনলাইনে আবেদন করতে aec.gov.au/pva ওয়েবসাইট দেখুন।

ডাকযোগে ভোটের জন্য আপনার আবেদনপত্রটি পূরণ করুন যাতে করে এটি **বুধবার 18 মে 2022 সন্ধ্যা ৬টার** আগেই AEC তে পৌঁছায়।

আপনার যদি অনলাইনে যাওয়ার সুযোগ না থাকে, এবং ডাকযোগে ভোট দেয়ার জন্য আবেদন করতে চান, তাহলে **13 23 26** নম্বরে কল করুন।

আমি কোন্ নির্বাচনী এলাকায় আছি?

আপনি কোন্ নির্বাচনী এলাকায় বসবাস করেন তা aec.gov.au/electorate ওয়েবসাইট থেকে দেখতে পারেন।

আপনি যদি **ওয়েস্টার্ন অস্ট্রেলিয়া** অথবা **ভিক্টোরিয়ায়** থাকেন, তাহলে গত নির্বাচনের পরে পুনর্বিভাগের কারণে আপনার নির্বাচনী এলাকার নাম কিংবা সীমানা পরিবর্তিত হয়ে থাকতে পারে। আপনাকে ভিন্ন কোনো এলাকায় ভোট দিতে হতে পারে, অথবা আপনার নিয়মিত ভোট কেন্দ্র ভিন্ন কোনো এলাকায় হয়ে থাকতে পারে।

আপনি কাকে ভোট দেবেন সেটি আপনার সিদ্ধান্ত

ভোট কেন্দ্রের বাইরে, প্রার্থীদের প্রতিনিধিরা আপনাকে ভোট দেয়ার নিয়ম-কানুন সম্বলিত কার্ড দিয়ে আপনাকে নির্দিষ্ট কোনোভাবে ভোট দেয়ার জন্য পরামর্শ দিতে পারে। আপনাকে ঐসব ভোট দেয়ার নিয়ম-কানুন সম্বলিত কার্ড গ্রহণ অথবা সেগুলো অনুসরণ করতে হবে না।



আপনার অন্য কোনো প্রশ্ন আছে? তাহলে aec.gov.au/faqs দেখুন।




কীভাবে আপনি আপনার ভোটটির গণনা নিশ্চিত করবেন?

নির্বাচনের দিন আপনাকে দুটি ব্যালট পেপার দেয়া হবে, একটি হল ছোট সবুজ রঙের যা হাউস অব রিপ্রেজেন্টেটিভের জন্য, এবং একটি বড় সাদা রঙের, যা সিনেটের জন্য। **আপনাকে অবশ্যই দুটো ব্যালট পেপারই সম্পূর্ণভাবে পূরণ করতে হবে।** সবুজ ব্যালট পেপারের উপর আপনি হাউস অব রিপ্রেজেন্টেটিভে আপনার স্থানীয় এলাকা কিংবা নির্বাচনী এলাকার প্রতিনিধিকে ভোট দিচ্ছেন। সাদা রঙের ব্যালট পেপারে আপনি সিনেটে আপনার রাজ্য কিংবা টেরিটরির প্রতিনিধিকে ভোট দিচ্ছেন।

হাউস অব রিপ্রেজেন্টেটিভ

সবুজ ব্যালট পেপারে আপনার পছন্দ অনুযায়ী প্রতিটি বাক্সে নম্বর দিন।



House of Representatives Ballot Paper

State
Electoral Division of Division Name

Number the boxes from 1 to 8 in the order of your choice

2	SURNAME, Given Names INDEPENDENT
3	SURNAME, Given Names PARTY
7	SURNAME, Given Names PARTY
8	SURNAME, Given Names PARTY
1	SURNAME, Given Names PARTY
5	SURNAME, Given Names PARTY
6	SURNAME, Given Names PARTY
4	SURNAME, Given Names PARTY

Remember... number every box to make your ballot valid

নমুনা ব্যালট পেপার

ভুল হলে চিন্তা করবেন না।

আপনি আরেকটি ব্যালট পেপার চেয়ে নিয়ে আবার পূরণ করতে পারেন।


সিনেট

সাদা ব্যালট পেপারে আপনি দুভাবে ভোট দিতে পারবেনঃ

একভাবে হল

লাইনের উপরে

আপনি যদি লাইনের উপরে ভোট দিতে চান, তাহলে আপনাকে **অন্তত ৬টি বাক্সে নম্বর দিতে হবে।** আপনার প্রথম পছন্দের পার্টি কিংবা গ্রুপের জন্য বাক্সে '1' নম্বরটি লিখুন, এরপর দ্বিতীয় পছন্দের জন্য '2' এবং এভাবে আপনি অন্ততঃ ৬টি বাক্স পূরণ করুন। আপনার পছন্দের ক্রম অনুসারে আপনি লাইনের উপরে যতটি ইচ্ছা ততটি বাক্সে নম্বর বসাতে পারেন।



Senate Ballot Paper
State - Election of 6 Senators

You may vote in one of two ways

Either

Above the line
By numbering at least 6 of these boxes in the order of your choice (with number 1 as your first choice).


5	PARTY	2	PARTY	1	PARTY		PARTY	3	PARTY	6	PARTY	4	
---	-------	---	-------	---	-------	--	-------	---	-------	---	-------	---	--

নমুনা ব্যালট পেপার

অথবা

লাইনের নিচে

আপনি যদি লাইনের নিচে ভোট দিতে চান, তাহলে আপনাকে আপনার পছন্দের ক্রম অনুসারে আলাদা আলাদাভাবে প্রতি প্রার্থীর জন্য, 1 থেকে 12 পর্যন্ত **অন্ততঃ ১২ টি বাক্সে নম্বর দিতে হবে।** আপনার পছন্দের ক্রম অনুসারে আপনি লাইনের নিচে যতটি ইচ্ছা ততটি বাক্সে নম্বর বসাতে পারেন।



Or

Below the line
By numbering at least 12 of these boxes in the order of your choice (with number 1 as your first choice).

1	SURNAME Given Names PARTY	8	SURNAME Given Names PARTY		SURNAME Given Names PARTY	6	SURNAME Given Names PARTY	10	SURNAME Given Names PARTY		SURNAME Given Names PARTY	4	SURNAME Given Names PARTY		SURNAME Given Names PARTY	7	SURNAME Given Names PARTY
	2		5		3		12		9		11						

নমুনা ব্যালট পেপার



আপনি কি জানেন আপনি AEC ওয়েবসাইটে ভোট দেয়া প্রাকটিস করতে পারেন?
aec.gov.au/practise ওয়েবসাইটটি দেখুন।

ভোটের আগে

BE COVIDSAFE

পরিকল্পনার জন্য আপনি কী করতে পারেন।

ভোট দেয়ার সময় নিজেকে এবং অন্যদের নিরাপদ রাখার জন্য আপনি কিছু উপায় অবলম্বন করতে পারেন।

- কোভিড-19-এর উপসর্গ আছে? ভোট কেন্দ্রে না আসার জন্য আপনাকে ধন্যবাদ।
- আপনি যদি অসুস্থ থাকেন, তাহলে আপনি ডাকযোগে ভোট দেয়ার যোগ্য হতে পারেন। আপনি **বুধবার 18 মে 2022 সন্ধ্যা ৬টা** পর্যন্ত অনলাইনে aec.gov.au/pva ওয়েবসাইটে আবেদন করতে পারেন।
- ভোটকেন্দ্রে আসার আগে প্রার্থী এবং আপনার পছন্দগুলো নিয়ে গবেষণা করুন। aec.gov.au/election/candidates.htm ওয়েবসাইট থেকে প্রার্থীদের একটি তালিকা পাবেন।
- সম্ভব হলে যিনি ভোট দেবেন শুধুমাত্র তিনিই যেন ভোট কেন্দ্রে যান।
- ভোট কেন্দ্রে কিংবা এর আশেপাশে লোকজনের সাথে আলাপচারিতা এবং অতিরিক্ত সময় ব্যয় করা থেকে বিরত থাকুন।



সর্বশেষ তথ্য এবং পরামর্শের জন্য aec.gov.au/covid-safety ওয়েবসাইট দেখুন।

নির্বাচনী কেন্দ্রে কী হয়?

ভোট দেয়ার বিভিন্ন ধাপসমূহ

- ভোটকর্মীরা আপনার পুরো নাম এবং ঠিকানা, এবং আপনি এই ফেডারেল নির্বাচনে ইতিমধ্যে ভোট দিয়েছেন কি না তা জানতে চাইবেন। ভোটের তালিকায় আপনার নামের পাশে তখন টিক চিহ্ন দেয়া হবে।
- আপনাকে আপনার ব্যালট পেপার দেয়া হবে।
- নির্বাচন বুথে, আপনার ব্যালট পেপারে দেয়া নির্দেশাবলী সতর্কতার সাথে পড়ুন কিংবা সাহায্যের দরকার হলে ভোটকর্মীকে জিজ্ঞাসা করুন।
- আপনার ব্যালট পেপারগুলো পূরণ করুন।
- আপনার ব্যালট পেপারগুলোকে ভাঁজ করে ব্যালট বাক্সে ফেলে দিন।

কোভিড-19 এর জন্য সুরক্ষা ব্যবস্থা আছে

- যে কোনো একটি সময়ে নির্বাচন কেন্দ্রের ভেতরে কতজন ভোটার থাকবে, তার একটি সীমা নির্ধারণ করা থাকতে পারে। আপনাকে বাইরে লাইনে দাঁড়াতে বলা হতে পারে।
- বাইরে এবং ভেতরে অন্যদের থেকে ১.৫ মিটার দূরত্ব বজায় রাখুন, নির্বাচন কেন্দ্রের ভেতর মেঝেতে দেয়া দাগগুলো গাইড মনে করে অনুসরণ করুন।
- QR কোড ব্যবহার করে কিংবা হাতে লিখে চেক ইন করুন।
- আপনার এলাকায় মাস্ক ব্যবহারের আবশ্যিকতা মেনে চলুন।
- সরবরাহকৃত হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।
- ভোটের বুথ এবং পেন্সিলগুলো নিয়মিত পরিষ্কার করা হবে। আপনি চাইলে নিজের কলম বা পেন্সিল সাথে নিয়ে আসতে পারেন, তবে সেগুলো ফেলে যাবেন না।



কোভিড-19 এর কোনো উপসর্গ থাকলে বাড়িতে থাকুন



হাঁচি ও কাশির সময় মুখ ঢেকে রাখুন



স্থানীয় এলাকার মাস্ক সংক্রান্ত আবশ্যিকতা মেনে চলুন



১.৫ মিটার দূরত্ব বজায় রেখে দাঁড়ান



সরবরাহকৃত হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।

আপনার নিজের রাজ্য এবং টেরিটরি সরকারের কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্য নির্দেশাবলী মেনে চলা গুরুত্বপূর্ণ। এই গাইডলাইনগুলোর লিঙ্কসমূহ aec.gov.au/covid-safety ওয়েবসাইটে পাবেন।

এই নির্দেশিকায় দেয়া তথ্য, এটা ছাপানোর সময়কার পরিস্থিতিকে প্রতিফলিত করে। AEC ফেডারেল এবং রাজ্য স্বাস্থ্য কর্তৃপক্ষের পরামর্শ অনুসরণ করা অব্যাহত রাখবে, এবং হালনাগাদ করা পদক্ষেপগুলো আমাদের ওয়েবসাইটে পাওয়া যাবে।

আপনার অফিসিয়াল গাইড

2022 সালের ফেডারেল নির্বাচনে

শনিবার 21 মে 2022

এই নির্দেশিকার বিকল্প সংস্করণ

সহজগম্য তথ্য

aec.gov.au/assistance ওয়েবসাইট থেকে এই নির্দেশিকার বিকল্প ফরম্যাট, যেমন অডিও এবং বড় হরফের মুদ্রিত সংস্করণ ডাউনলোড করতে পারবেন।

13 23 26 নম্বরে কল করে ব্রয়েল সংস্করণও পাবেন।

আপনি যদি বধির হন অথবা শ্রবণ কিংবা বাক প্রতিবন্ধী হন, তাহলে ন্যাশনাল রিলে সার্ভিসের (NRS) মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করুন।

- TTY ব্যবহারকারীরা **13 36 77** নম্বরে ফোন করে **13 23 26** নম্বরের কথা উল্লেখ করুন।
- স্পিক অ্যান্ড লিসেন ব্যবহারকারীরা **1300 555 727** নম্বরে ফোন করে **13 23 26** নম্বরের কথা উল্লেখ করুন।
- ইন্টারনেট রিলে ব্যবহারকারীরা NRS এ যোগাযোগ করে **13 23 26** নম্বরে সংযোগ দিতে বলুন।
- অজল্যান দোভাষী পরিষেবাও পাওয়া যাবে। বিস্তারিত তথ্যের জন্য AEC এর ওয়েবসাইট দেখুন।

অন্যান্য ভাষায় তথ্য

এই নির্দেশিকার ৩৩ ভাষায় অনূদিত সংস্করণ aec.gov.au/translated ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।

টেলিফোনেও দোভাষী সেবা পাওয়া যাবে। ভোট প্রদান এবং নির্বাচন সম্পর্কিত আরও তথ্যের জন্য **1300 720 153** নম্বরে কল করুন।



18 বছর এবং তদুর্ধ্ব বয়সের সকল অস্ট্রেলিয়ান নাগরিকের জন্য ভোট দেয়া বাধ্যতামূলক। আপনি যদি ভোট না দেন, তাহলে আপনাকে দণ্ড দেয়া হতে পারে। একাধিকবার ভোট দেয়া ফৌজদারি অপরাধ।